গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bfa.gov.bd

নং-১৫.৫৮.০০০০.১০৩.০৬.৪০৭.০৩(অংশ-৪). ৫৬২

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
০৮ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভের জুলাই, ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :**

| | |
|---|---|
| সভাপতি | মো. আবদুল জলিল, মহাপরিচালক |
| সভার তারিখ | ০৮ জুলাই, ২০২৫ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.০০টায় |
| স্থান | সভাকক্ষ, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ইতোপূর্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ওপর কারো কোনো মতামত/সংশোধনীর প্রস্তাব থাকলে তা অবহিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান। এ পর্যায়ে বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় শাখাভিত্তিক অনিষ্পন্ন বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**(ক) ফিল্ম ও অপারেশন শাখা**

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | চলচ্চিত্র/তথ্যচিত্র/ প্রামান্যচিত্র/ ফিল্ম মিউজিয়ামের সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ ও সংরক্ষণ | চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, জুন, ২০২৫ মাসে কোন পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র সংগ্রহ নেই।<br>জুন, ২০২৫ মাসে ফিল্ম মিউজিয়ামের জন্য কোন সংগ্রহ নেই। | সংগ্রহ ও সংরক্ষণ কাজ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা/আর্কাইভ), ফিল্ম অফিসার |
| ২। | চলচ্চিত্র, তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র, সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর | ফিল্ম ভল্টে রক্ষিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র ও সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর করার বিষয়ে সভায় অবহিত করা হয়। জুন, ২০২৫ মাসে ০২টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র (সাগর ভাসা ও কার বউ) এবং ০৪টি তথ্যচিত্র/ প্রামাণ্যচিত্র/সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর হয়েছে মর্মে জানানো হয়। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), এসএই-১ |
| ৩। | চলচ্চিত্র প্রদর্শনী | জুন, ২০২৫ মাসে ০২টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র এবং ০১টি শর্ট ডকুমেন্টারি প্রদর্শন করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), ফিল্ম অফিসার |

**(খ) হিসাব শাখা**

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | বাজেট বাস্তবায়ন | ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বাজেট বরাদ্দ ৯ কোটি ৬৯ লক্ষ টাকা। ২০২৪-২৫ অর্থবছরের জুন, ২০২৫ মাস পর্যন্ত ব্যয় হয়েছে ৮ কোটি ৯৮ লক্ষ ০১ হাজার ৩৬৭ টাকা ৭০ পয়সা, যা মূল বাজেটের ৯৩.১৯%। | নির্ধারিত সময়ের মধ্যে ক্রয় পরিকল্পনা প্রনয়ন ও বাজেট বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (আর্কাইভ) এবং হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৫। | অভ্যন্তরীণ পরিষেবা থেকে আয় | ২০২৪-২৫ অর্থবছরের জুন, ২০২৫ মাস পর্যন্ত বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বই বিক্রি, হল ভাড়া ও ফুটেজ বিক্রি বাবদ মোট ৫,৪৪,৪৫৫/- টাকা আয় হয়েছে, যা প্রাক্কলিত মোট আয়ের ১৪.৫১%। | আয়কৃত অর্থ নিয়ম মোতাবেক সরকারি কোষাগারে জমা দিতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), হিসাবরক্ষণ কর্মকর্তা |

**(গ) লাইব্রেরি শাখা**

| | | | | |
|---|---|---|---|---|
| ৬। | গবেষণা/ পুস্তক ও জার্নাল মুদ্রণ | ক) ২০২৪-২৫ অর্থবছরের গবেষকদের জমাদানকৃত ০৯টি গবেষণাকর্মের পান্ডুলিপি চূড়ান্ত মূল্যায়নে ০৭ (সাত)টি গবেষণাকর্ম গৃহীত হয়েছে। অবশিষ্ট ২টি গবেষণাকর্ম বিশেষজ্ঞ কমিটির মূল্যায়নে গড়ে ৪৫ নম্বরের নিচে পাওয়ায় গৃহীত হয়নি।<br>খ) ২০২৫-২৬ অর্থবছরে সুপারিশকৃত গবেষণা প্রস্তাবের প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেছে।<br>গ) ২০২৫-২৬ অর্থবছরে প্রকাশনা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বিশেষজ্ঞ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ০২টি গবেষণাকর্ম গ্রন্থকারে প্রকাশের জন্য বিবেচিত হয়েছে। | ক) অগৃহীত গবেষণাকর্মের গবেষকদ্বয়কে বিষয়টি পত্র মারফত অবহিত করা হয়েছে।<br>খ) অনুমোদিত গবেষণা প্রস্তাবের গবেষকগণের সাথে গবেষণা কার্যক্রম সম্পাদনের জন্য চুক্তি স্বাক্ষর সম্পন্ন করতে হবে।<br>গ) গ্রন্থাকারে প্রকাশের প্রয়োজনীয় সংযোজন/বিয়োজনপূর্বক চূড়ান্ত ডামি প্রস্তুতকরণে সংশ্লিষ্ট গবেষক বরাবর পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা/ আর্কাইভ), স্টোর অফিসার, লাইব্রেরিয়ান এবং সহকারি লাইব্রেরিয়ান |

**(ঘ) মেইনটেন্যান্স শাখা**

| | | | | |
|---|---|---|---|---|
| ৭। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন এবং ভবনে স্থাপিত ইলেক্ট্রো-মেকানিক্যাল যন্ত্রপাতি মেইনটেন্যান্স সংক্রান্ত কাজ | জুন ২০২৫ মাসে দপ্তরে ই-জিপির আওতায় ভবনের ইলেকট্রিক সিস্টেমের সিঙ্গেল লাইন ডায়াগ্রামের প্রস্তুতকরণ, জেনারেটর ও ফায়ার সিস্টেমের স্পেয়ার পার্টস সংগ্রহ ও সিসিটিভি সিস্টেম আপগ্রেডেশন কাজ সম্পন্ন হয়েছে। পাশাপাশি RFQ পদ্ধতিতে আউটডোর এলইডি ডিসপ্লে মেরামত কাজ ও সভাকক্ষের জন্য ৭৫ ইঞ্চি স্মার্ট টিভি ক্রয় ও স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া, দপ্তরের ০৩টি লিফটের পিরিয়ডিক সার্ভিসিং এবং লাইব্রেরি শাখা ও ৬ষ্ঠ তলার ওয়াটার পিউরিফায়ার সার্ভিসিং কাজ করা হয়েছে। ইন্টারনেট সার্ভার কক্ষে ২৪ পোর্টের ১টি নেটওয়ার্ক সুইচ স্থাপন করা হয়েছে। +৪ ডিগ্রি সে. ফিল্ম ভল্টের আউটডোর ইউনিটের ২টি ফ্যান মটর সার্ভিসিং ও রেফ্রিজারেন্ট গ্যাস চার্জ করা হয়েছে। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বৈদ্যুতিক সাবস্টেশন, ফায়ার ডিটেকশন-প্রটেকশন সিস্টেম, লিফট সিস্টেম, সিসিটিভি সিস্টেম, আইপি-পিবিএক্স সিস্টেম, ফিল্ম ভল্টসমূহ ও সেন্ট্রাল এসির নিয়মিত পর্যবেক্ষণ, মেরামত, সার্ভিসিং বা রক্ষণাবেক্ষণ সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে। গণপূর্ত অধিদপ্তরে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরী ও গবেষণা/আর্কাইভ), এসএই-(সকল) |

**(ঙ) প্রশাসন শাখা**

| | | | | |
|---|---|---|---|---|
| ৮। | সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২২ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখের পত্রের চাহিদা মোতাবেক 'বাংলাদেশ ফিল্ম আর্কাইভ (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০২৫' প্রণয়নের নিমিত্ত নির্ধারিত চেকলিস্ট অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি ১২ (বারো) সেট পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পুনরায় প্রেরণ করা হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে এ বিষয়ে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (আর্কাইভ), এসএই-(সকল), প্রশাসনিক কর্মকর্তা |
| ০৯। | ওয়েবসাইট হালনাগাদকরণ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। প্রত্যেক শাখার হালনাগাদকরণযোগ্য তথ্য মাসিক ও ত্রৈমাসিকভিত্তিতে সিস্টেম এডমিনকে প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), এসএই-২ |
| ১০। | ডি-নথির ব্যবহার | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সকল কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ উদ্যোগের ধারাবাহিকতায় জুন, ২০২৫ মাসে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ডি-নথির ব্যবহার ১০০% হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। এজন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। | ১০০% ডি-নথি কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে সচেষ্ট থাকতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (সকল), সকল শাখার প্রধান, এসএই-২, প্রশাসনিক কর্মকর্তা |
| ১১। | বিদ্যুৎ ব্যবহারে কৃচ্ছ্রসাধন | বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়, কৃচ্ছ্রসাধন, লাইট, ফ্যান, ইত্যাদি সঠিকভাবে বন্ধ করার মাধ্যমে ইউটিলিটি খাতে ব্যয় সীমিত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, এ বিষয়ে সরকারি নির্দেশনা সম্পর্কে সকল কর্মকর্তা ও কর্মচারীকে অফিস আদেশের মাধ্যমে অবহিত করা হয়েছে। বিদ্যুতের কৃচ্ছ্রসাধনের জন্য পুরো ভবনকে ০৫টি ব্লকে বিভক্ত করে আলাদা সাবমিটার চালু রয়েছে। | অফিস চলাকালীন রুমে কেউ না থাকলে এবং অফিস ত্যাগ করার সময় সকল রুমের লাইট, ফ্যান, পানির কল ইত্যাদি বন্ধ করতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (সকল), দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী |

**(চ) প্রকল্প বাস্তবায়ন**

| | | | | |
|---|---|---|---|---|
| ১২। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রকল্প বাস্তবায়ন | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ 'দেশী ও বিদেশী উৎস থেকে মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক উন্নয়ন প্রকল্পটি বাস্তবায়ন করছে। ৬২.৬৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটির সংশোধিত বাস্তবায়নকাল জুলাই, ২০২১ হতে জুন, ২০২৫ পর্যন্ত। জুন, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ১৫.৯৩ কোটি টাকা। চলতি ২০২৪-২০২৫ অর্থবছরের আরএডিপিতে ৪.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এ পর্যন্ত ৩.৭৫ কোটি টাকা অবমুক্ত করা হয়েছে। জুন, ২০২৫ পর্যন্ত ব্যয় ১১৫.৫১ লক্ষ টাকা, যা আরএডিপি বরাদ্দের ২৮.৮৮% ও অবমুক্তকৃত অর্থের ৩১%। এ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতি যথাক্রমে ২৭.২৫% ও ৩০%।<br><br>প্রকল্পের মূল কার্যক্রম হিসেবে জুন/২০২৪ পর্যন্ত বিশ্বের বিভিন্ন উৎস হতে মুক্তিযুদ্ধ সম্পর্কিত ৪৩৫টি অডিও ভিজ্যুয়াল ফুটেজ/ডকুমেন্টারি সংগ্রহ করা হয়েছে। বীর মুক্তিযোদ্ধাদের সাক্ষাৎকারভিত্তিক ৩২৮টি ডকুমেন্টারি তৈরি করা হয়েছে। মুক্তিযুদ্ধ সম্পর্কিত ২৩৯৪ ধরনের পুস্তক ও জার্নাল ক্রয় করা হয়েছে। এছাড়া, বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ডিপিপির তালিকাভুক্ত ২০ ক্যাটাগরির অফিস যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে।<br><br>প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের আওতায় ১টি ডিজিটাল সিনেমা প্রজেক্টর সরবরাহ ও স্থাপনের কার্যসমাপ্তির সময়সীমা ইতঃপূর্বে কয়েক দফায় বৃদ্ধি করা হয়। কিন্তু চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান 'SOFT BANGLA' উক্ত সময়সীমা অতিবাহিত হওয়ার পরও মালামাল সরবরাহ ও স্থাপন করতে সক্ষম হয়নি। পরিপ্রেক্ষিতে, ১৯.০৫.২০২৫ খ্রি. তারিখে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে চুক্তির মৌলিক শর্ত লঙ্ঘন বা নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থতার কারণে বিধি অনুযায়ী চুক্তি বাতিল ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br><br>প্রকল্প পরিচালক জানান, ২৬.০৬.২০২৫ তারিখে প্রকল্পটি জুন/২০২৫ এর মধ্যে কাজ অসমাপ্ত রেখে সমাপ্ত করার জন্য সংশোধিত প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | ১) প্রকল্পের সংশোধিত প্রস্তাব (আরডিপিপি) অনুমোদনের জন্য প্রশাসনিক মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>২) প্রকল্পের আওতায় সংগ্রহীত যন্ত্রপাতি ও মালামাল বুঝে নেওয়ার উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী |
| ১৩। | 'দেশি ও বিদেশি উৎস থেকে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান-২০২৪ এর অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ' শীর্ষক নতুন প্রকল্প প্রস্তাব | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃক বাস্তবায়নের জন্য 'দেশি ও বিদেশি উৎস থেকে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান-২০২৪ এর অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ' শীর্ষক একটি প্রকল্প প্রস্তাব গত ৩০ জুন, ২০২৫ খ্রি. তারিখে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রকল্পটির মূল কার্যক্রম হচ্ছে (১) দেশি ও বিদেশি উৎস থেকে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান-২০২৪ এর অডিও-ভিজ্যুয়াল ফুটেজ সংগ্রহ, (২) সাক্ষাৎকারভিত্তিক ডকুমেন্টারি ২০০টি, (৩) ইন্টারেক্টিভ ডিজিটাল আর্কাইভ ১টি এবং (৪) গণঅভ্যুত্থান বিষয়ক বিশেষায়িত ফিল্ম মিউজিয়াম স্থাপন এবং (৫) আর্কাইভিং ফ্যাসিলিটি ও প্রদর্শন ব্যবস্থা আধুনিকায়ন। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪,৬৮২.০০ (বৈ. মু. ৮৫০.০০) লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল এপ্রিল, ২০২৫ থেকে জুন, ২০২৭ পর্যন্ত।<br><br>পরিচালক জানান, নতুন অনুমোদিত প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ ও বাজেট বরাদ্দ প্রাপ্তিসহ প্রকল্প কার্যক্রম শুরু করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম শুরু করার জন্য দ্রুত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী |

**(ছ) বিবিধ**

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪। | জুলাই গণঅভ্যুত্থান এর বর্ষপূর্তি উদযাপন | জুলাই গণঅভ্যুত্থান এর বর্ষপূর্তি উদযাপন উপলক্ষ্যে প্রশাসনিক মন্ত্রালয়ের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ ফিল্ম আর্কাইভ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে:<br>১) দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ফিল্মক্লাবের সহযোগিতায় বিশ্ববিদ্যালয়সমূহে জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ এর ওপর বাংলাদেশ ফিল্ম আর্কাইভ নির্মিত ডকুমেন্টারি প্রদর্শন;<br>২) বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রজেকশন হলে সপ্তাহব্যাপি প্রতিদিন সন্ধ্যায় জুলাই অভ্যুত্থানের ওপর নির্মিত ফিল্ম আর্কাইভ, ডিএফপি, বিসিটিআইসহ অন্যান্য প্রতিষ্ঠানের ডকুমেন্টারি নিয়ে বিশেষ 'ফিল্ম শো' আয়োজন;<br>৩) ফিল্ম আর্কাইভ ভবনের বাহিরের দেয়ালের বড় ডিজিটাল স্ক্রিনে দিনব্যাপী ডকুমেন্টারি প্রদর্শন;<br>৪) জুলাই গণঅভুত্থান ২০২৪ নিয়ে আলোচনা সভা আয়োজন | নির্ধারিত সময় অনুযায়ী আয়োজন সম্পন্ন করতে হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা/আর্কাইভ), এসএই-১, এসএই-২, এসএই-৩, ফিল্ম অফিসার, সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী |

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো. আবদুল জলিল
মহাপরিচালক
ফোন: ৪১০২৪৬৩৬
Email: dg@bfa.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রকল্প পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৩। পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৪। পরিচালক-২, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৫। উপপরিচালক (সকল), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৬। সকল কর্মকর্তা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৭। সিস্টেম এডমিন, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৯। অফিস নথি।